বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশও কোভিড-১৯ মহামারীর কঠিন সময়ের শিকার। যেকোনো মহামারীর সময়ে গণমাধ্যম সঠিক তথ্য প্রদানের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করে এবং একই সঙ্গে গুজব, মিথ্যা ও অসত্য তথ্যের প্রচার এবং প্রসার রোধ করে জনগণের বিভ্রান্তি দূর করে। মহামারীর এই সময়ে সমাজ এবং রাষ্ট্রের অন্যান্য ক্ষেত্রের মতোই সাংবাদিকতায় ব্যাপক পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। স্বাস্থ্যঝুঁকি বিবেচনায় কিছু ক্ষেত্রে সাংবাদিকদের ঘরে বসে কাজ করার সুযোগ থাকলেও, বেশিরভাগ সাংবাদিকদের কাজ করতে হচ্ছে ঘরের বাইরে, অফিসে গিয়ে, সংবাদ সংগ্রহের লক্ষ্যে মাঠ পর্যায়ে উপস্থিত হয়ে। সাংবাদিকরা তাদের কাজের ধরনের জন্যই সবসময় কোভিড-১৯ মহামারীর উচ্চ স্বাস্থ্যঝুঁকিতে রয়েছেন। মহামারীর এই সময়ে সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য করোনাভাইরাস সম্পর্কে তাদের বিস্তারিত ওয়াকিবহাল থাকা প্রয়োজন, এতে করে সাংবাদিকরা নিজেরাও সচেতন হতে পারবেন এবং সঠিক ও নির্ভুল সংবাদ প্রচার ও প্রকাশের মাধ্যমে নাগরিকদের মধ্যে সচেতনতা সৃষ্টিতে ভূমিকা রাখতে পারবেন।

সার্বিক পরিস্থিতি বিবেচনায়, গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর গভর্নেন্স স্টাডিজ (সিজিএস) সাংবাদিকদের জন্য এই হ্যান্ডবুকটি প্রকাশের উদ্যোগ নিয়েছে। হ্যান্ডবুকটিতে কোভিড-১৯ মহামারীর আদ্যোপান্ত এবং মহামারীতে সাংবাদিকদের অবস্থা এবং করণীয় তুলে ধরা হয়েছে। সিজিএস মনে করে, এই অস্বাভাবিক সময়ে পেশাগত দায়িত্ব পালনে হ্যান্ডবুকটি গণমাধ্যমকর্মীদের সহায়তা করবে।

হ্যান্ডবুকটি তৈরির ক্ষেত্রে পরামর্শ দিয়ে সহযোগিতা করেছেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ, স্বাস্থ্য সুরক্ষা ফাউন্ডেশন-এর নির্বাহী পরিচালক এবং ভ্যাকসিন ব্যবস্থাপনার বৈশ্বিক জোট গ্লোবাল অ্যালায়েন্স ফর ভ্যাকসিন ইনিশিয়েটিভ (গ্যাভি)-এর সিএসও কনস্টিওন্সি স্টিয়ারিং কমিটির সদস্য ডা. নিজাম উদ্দিন আহমেদ এবং সিজিএস-এর নির্বাহী পরিচালক, ব্রডকাস্ট জার্নালিস্ট ও উপস্থাপক জিল্লুর রহমান।



সূচি

নভেল করোনাভাইরাস: বাংলাদেশ এবং বৈশ্বিক প্রেক্ষাপট	০৫
জানতে হবে করোনাভাইরাস এবং কোভিড-১৯ সম্পর্কে	০৫
করোনাভাইরাসের ভেরিয়েন্টসমূহ	০৫
যে সব লক্ষণ প্রকাশ পায়	০৬
কোভিড-১৯- এ আক্রান্ত হওয়ার পরবর্তী অবস্থা	০৭
যেভাবে ছড়ায় নভেল করোনাভাইরাস	০৭
পোষকদেহে করোনাভাইরাস	০৮
করোনাভাইরাস সম্পর্কিত প্রচলিত ধারণাসমূহ	০৯
মহামারীর সময়ে সাংবাদিকতা	১০
সংবাদ সংগ্রহের নীতিমালা ও শিষ্টাচার	১০
মহামারীকালীন সাংবাদিকতার প্রতিবন্ধকতাসমূহ	১৩
সাংবাদিকের সুরক্ষা এবং নিরাপত্তা	১৪
মাস্ক পড়ুন এবং টিকা নিন	১৫
তথ্যসূত্র	১৭

নভেল করোনাভাইরাস বাংলাদেশ এবং বৈশ্বিক প্রেক্ষাপট

জানতে হবে করোনাভাইরাস এবং কোভিড-১৯ সম্পর্কে

করোনাভাইরাস (CoV) হচ্ছে ভাইরাসের একটি পরিবার যা মানুষ এবং প্রাণির মধ্যে শ্বাসযন্ত্র এবং অন্ত্রের অসুস্থতা সৃষ্টি করে। মানবদেহে সাত ধরনের করোনাভাইরাস পাওয়া যায়, যাদের বেশিরভাগই মানুষের শরীরে সাধারণ ঠাণ্ডা-সর্দির কারণ হয়ে থাকে। তবে ২০০২-২০০৩ সালে চীনে সার্স (SARS) এবং ২০১২ সালে আরব উপদ্বীপে মার্স (MERS) মহামারীর উত্থান মারাত্মক আকার ধারণ করেছিল। সর্বশেষ ২০১৯ সালের ডিসেম্বর মাস থেকে বিশ্ব আরেক নতুন ধরনের করোনাভাইরাসের সাথে যুদ্ধ করে আসছে। ২০১৯ সালের ডিসেম্বরে চীনের উহান শহরে প্রথম শনাক্ত হওয়া এই ভাইরাসটির অপর নাম ২০১৯-এনসিওভি বা নভেল করোনাভাইরাস যা কিনা মানবদেহে কোভিড-১৯ (COVID-19) রোগের সৃষ্টি করে। ২০০২-২০০৩ সালে পাওয়া সার্স ভাইরাসের সাথে সামঞ্জস্যতা থাকার কারণে একে সার্স-কোভ-২ (SARS-CoV-2) ভাইরাস হিসেবে চিহ্নিত করা হয়। এই ভাইরাসে আক্রান্ত বেশিরভাগ মানুষই হালকা থেকে মাঝারি শ্বাসকষ্টজনিত অসুস্থতার সম্মুখীন হয়ে থাকে এবং বিশেষ চিকিৎসার প্রয়োজন ছাড়াই সুস্থ হয়ে উঠতে পারে।

মানবদেহে প্রাপ্ত করোনাভাইরাসের নাম	যে সব সমস্যা হতে পারে
সার্স-কোভ-২ (SARS-CoV-2)	কোভিড- ১৯
সার্স-কোভ (SARS-CoV)	সিভিয়ার অ্যাকিউট রেসপিরেটরি সিন্ড্রোম (সার্স) Severe Acute Respiratory Syndrome (SARS)
মার্স-কোভ (MERS-CoV)	মিডল ইস্ট রেসপিরেটরি সিন্ড্রোম (মার্স) Middle East Respiratory Syndrome (MERS)
এইচকোভ-এনএল৬৩ (HCoV-NL63)	সাধারণত হালকা শ্বাসকষ্টজনিত অসুস্থতা
এইচকোভ-২২৯ই (HCoV-229E)	
এইচকোভ-ওসি৪৩ (HCoV-OC43)	
এইচকেইউ১ (HKU1)	

সারণি: মানবদেহে প্রাপ্ত করোনাভাইরাস এবং এর দ্বারা সৃষ্ট রোগসমূহ

করোনাভাইরাসের ভেরিয়েন্টসমূহ:

সময়ের সাথে সাথে ভাইরাস যখন মানুষের মধ্যে ছড়িয়ে পরে তখন স্বাভাবিকভাবেই সেগুলোর বিকাশ এবং রূপান্তর হয় এবং এই পরিবর্তিত রূপ যখন মূল ভাইরাস থেকে উল্লেখযোগ্যভাবে ভিন্ন হয়ে ওঠে, তখন তারা ভেরিয়েন্ট হিসেবে পরিচিত হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ২০২১ সালের মে মাস থেকে করোনাভাইরাসের এই ভেরিয়েন্টগুলোকে গ্রিক বর্ণমালা দ্বারা চিহ্নিত করতে শুরু করেছে, যাতে মানুষের কাছে ভেরিয়েন্টগুলো সহজে পরিচিত হয়ে উঠতে পারে। ডেল্টা এবং ওমিক্রন- বর্তমানে করোনাভাইরাসের দুইটি প্রভাবশালী ভেরিয়েন্ট। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ২০২১ সালের ১১ মে ডেল্টা ভেরিয়েন্ট শনাক্ত করে, যেটি কিনা করোনাভাইরাসের অন্যান্য ধরনের তুলনায় দ্রুত সংক্রমণশীল এবং এটি ইতিমধ্যে বিশ্বব্যাপী ব্যাপক মানুষের প্রাণহানি ঘটিয়েছে। পরবর্তীতে ২০২১ সালের ২৬ নভেম্বর বিশ্ব স্বাস্থ্য সংস্থা ওমিক্রন নামে অপর একটি ভেরিয়েন্ট- এর সন্ধান পায়, যা কিনা করোনাভাইরাসের সকল ভেরিয়েন্ট-এর মধ্যে সবচেয়ে বেশি পরিমাণে মিউটেশন ঘটিয়েছে।

যে সব লক্ষণ প্রকাশ পায়

কোভিড-১৯ রোগের প্রধান লক্ষণসমূহ হচ্ছে

- জ্বর;
- শুকনো কাশি ও
- ক্লান্তিবোধ।

অন্যান্য যে সব লক্ষণসমূহ খুব বেশি পরিলক্ষিত হয় না, সেগুলো হলো

- স্বাদ এবং গন্ধের অনুপস্থিতি;
- নাক বন্ধ থাকা;
- কনজাংটিভাইটিস (চোখ ওঠা);
- গলা ব্যথা;
- মাথা ব্যথা;
- পেশির ব্যথা;
- চামড়ায় র্যাশ ওঠা;
- বমি বমি ভাব অথবা বমি হওয়া;
- ডায়রিয়া ও
- মাথা ঘোরানো।

কোভিড-১৯ মারাত্মক রূপ ধারণ করলে যেসব লক্ষণসমূহ দেখা দিতে পারে

- শ্বাসকষ্ট;
- ক্ষুধামন্দা;
- বুকে চাপ লাগা অথবা বুকে ব্যথা হওয়া ও
- শরীরের তাপমাত্রা বৃদ্ধি (৩৮ ডিগ্রী সেলসিয়াস বা ১০০ ডিগ্রী ফারেনহাইটের উপরে)।

এছাড়াও


- মেজাজ খিটমিটে হয়ে যাওয়া;
- বিভ্রান্তি সৃষ্টি হওয়া;
- চেতনা লোপ পাওয়া;
- উদ্ভিন্ন থাকা;
- বিষণ্ণতা বেড়ে যাওয়া;
- ঘুমের ব্যাঘাত ঘটানো;
- স্ট্রোক, মস্তিষ্কের প্রদাহ, প্রলাপ বকা, স্নায়ু ক্ষতিগ্রস্ত হওয়ার মতো বিভিন্ন স্নায়ুজনিত জটিলতা দেখা দিতে পারে।

আমাদের সবার এটা মনে রাখতে হবে যে, আশেপাশে কোনো ব্যক্তি যদি শরীরে জ্বর এবং একই সঙ্গে শ্বাসকষ্ট অথবা বুকে চাপ বা ব্যথাজনিত সমস্যায় ভুগে থাকেন, তাহলে দেরি না করে যত দ্রুত সম্ভব চিকিৎসকের শরণাপন্ন হতে হবে। এটি সব বয়সের মানুষের ক্ষেত্রেই প্রযোজ্য। সম্ভব হলে হটলাইনে ফোন করে স্বাস্থ্যকর্মীর সঙ্গে আগেই যোগাযোগ করে নিতে হবে, যাতে দ্রুততম সময়ের মধ্যে সঠিক চিকিৎসা নেয়া যায়। তবে বয়স্ক মানুষ এবং যাদের পূর্বে থেকেই স্বাস্থ্যগত সমস্যা রয়েছে যেমন- কার্ডিওভাসকুলার ডিজিজ, ডায়াবেটিস, দীর্ঘস্থায়ী শ্বাসযন্ত্রের রোগ এবং ক্যান্সার, তাদের গুরুতর অসুস্থতার সম্ভাবনা বেশি।

কোভিড-১৯- এর লক্ষণ প্রকাশের জন্য গড়ে সময় লাগে ৫-৬ দিন এবং এর স্থায়ীত্বকাল হতে পারে সাধারণ ক্ষেত্রে ১-১৪ দিন। এই সময়সীমার জন্যই ভাইরাসের সংস্পর্শে যারা আসেন তাদেরকে ১৪ দিন আলাদা বলা হয় যেন তারা অন্যদের সংক্রমিত করতে না পারেন। আবার অনেকের কোনো প্রকার লক্ষণ প্রকাশ ছাড়াই কোভিড-১৯- এ আক্রান্ত হতে পারেন। গবেষণা থেকে প্রাপ্ত তথ্য মতে, সংক্রমিত ব্যক্তির লক্ষণসমূহ প্রকাশের ঠিক আগ মুহূর্তে (লক্ষণ প্রকাশ পাওয়ার ২ দিন আগে) এবং অসুস্থতার প্রথম দিকে সবচেয়ে বেশি সংক্রামক হয়ে থাকে।

কোভিড-১৯- এ আক্রান্ত হওয়ার পরবর্তী অবস্থা

পরিসংখ্যান থেকে পাওয়া তথ্যমতে, কোভিড-১৯- এ আক্রান্ত ব্যক্তিদের মধ্যে শতকরা ৮০ ভাগই হাসপাতালের চিকিৎসা ছাড়াই বাড়িতে বসে ডাক্তারের পরামর্শ অনুযায়ী চিকিৎসা নিয়ে সুস্থ হয়েছেন। প্রায় ১৫% আক্রান্ত ব্যক্তি গুরুতর অসুস্থ থাকেন এবং তাদের অক্সিজেনের প্রয়োজন হয়। শতকরা ৫ শতাংশ আক্রান্ত ব্যক্তির আইসিইউ প্রয়োজন হয়। করোনাভাইরাস মানবদেহে প্রবেশ করে শ্বাসতন্ত্রের বিকলতা, অ্যাকিউট রেসপিরেটরি ডিসট্রেস সিন্ড্রোম (Acute Respiratory Distress Syndrome (ARDS)), সেপটিক শক, রক্ত জমাট বেঁধে যাওয়া, হৃদযন্ত্রের সমস্যা বা কিডনির সমস্যাসহ এমন কিছু গুরুতর সমস্যার সৃষ্টি করে যা মানুষের মৃত্যুর কারণ হয়ে দাঁড়াতে পারে।



বিশেষ কিছু ক্ষেত্রে সংক্রমণের কিছুদিন পর শিশুদের মধ্যেও প্রদাহজনিত লক্ষণ দেখা দিতে পারে।

যেভাবে ছড়ায় নভেল করোনাভাইরাস

- কোভিড-১৯- এ আক্রান্ত রোগী থেকে এই রোগ অন্য মানুষে সংক্রমিত হয়। কোভিড-১৯- এ আক্রান্ত মানুষের নাক ও মুখ থেকে বেরিয়ে আসা হাঁচি-কাশির মাধ্যমে ছড়িয়ে পড়া ড্রপলেট (কাশি বা নিঃশ্বাস থেকে যে পানির ফোঁটা তৈরি হয়)- এর দ্বারা এই রোগ ছড়ায়। এই ড্রপলেট চারপাশের জিনিস ও জায়গার উপর লেগে থাকে। কেউ যদি এই জিনিস বা জায়গাগুলো স্পর্শ করে এবং তারপর নিজের চোখ, নাক বা মুখে হাত দেয়, তবে এই রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকি বেড়ে যায়।
- কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তির হাঁচি, কাশি বা নিঃশ্বাস থেকে বের হওয়া ড্রপলেট/পানির ফোঁটা যদি অন্য কারো শরীরে ঢোকে, তাহলে কোভিড-১৯ ছড়াতে পারে। এজন্য অসুস্থ ব্যক্তির থেকে কমপক্ষে তিন ফুট বা এক মিটারের বেশি দূরত্ব বজায় রাখা জরুরি।

- বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, বাতাসে ভেসে থাকা ক্ষুদ্র কণার মাধ্যমে করোনাভাইরাস ছড়ানোর প্রমাণ পাওয়া যাচ্ছে। যেখানে মানুষের ভিড় বেশি, বন্ধ ঘর অথবা যেখানে বাতাস চলাচলের ভালো ব্যবস্থা নেই- সেসব জায়গায় বাতাসের মাধ্যমে করোনাভাইরাস সংক্রমণের বিষয়টি উড়িয়ে দেওয়া যায় না।
- অনেক কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তি অসুস্থ বোধ করেন না। রোগের প্রথম দিকে এমন হতে পারে। তাই, যার কেবল অল্প কাশি আছে এবং খুব অসুস্থ বোধ করছেন না, এমন কারোর কাছ থেকেও কোভিড-১৯ এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা আছে।
- বাজারে প্রচলিত টাকা এবং মুদ্রার মাধ্যমেও করোনাভাইরাস ছড়াতে পারে বলে ধারণা বিশেষজ্ঞদের। কেননা, টাকা এবং মুদ্রা মানুষ সরাসরি হাত দিয়ে ধরে এবং অনেক সময় মুখের থুথু ব্যবহার করে গণনা করে। এছাড়াও অতীতে টাকা এবং মুদ্রায় বিপজ্জনক ভাইরাস এবং ব্যাকটেরিয়া থাকার প্রমাণ মিলেছে গবেষণায়, যা কিনা টাকা এবং মুদ্রার মাধ্যমে নভেল করোনাভাইরাস ছড়ানোর ধারণাকে ত্বরান্বিত করেছে।



পোষকদেহে করোনাভাইরাস

মানবদেহে নভেল করোনাভাইরাসের স্থায়িত্বকাল

গবেষকদের মতে, এই ভাইরাস শরীরে ঢুকলে উপসর্গ দেখা দিতে সময় লাগে গড়ে পাঁচ দিন। কিন্তু কারো কারো ক্ষেত্রে উপসর্গ দেখা দিতে সময় লাগতে পারে আরও বেশি দিন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, ইনকিউবেশন কাল অর্থাৎ যে সময়টায় কোনো ভাইরাস মানুষের শরীরে থাকে কিন্তু তার কোনো লক্ষণ দেখা যায় না, সেই ইনকিউবেশনের সময়টা কোভিড-১৯- এর ক্ষেত্রে হলো ১৪ দিন পর্যন্ত। কিন্তু কোনো কোনো গবেষক বলছেন যে এই সময়টা ২৪ দিন পর্যন্তও হতে পারে। অর্থাৎ জীবাণু আপনার শরীরে সুপ্ত অবস্থায় এতটা লম্বা সময় ধরে থাকতে পারে। তবে বাংলাদেশের ক্ষেত্রে কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তির শরীরে ২১ দিন পর্যন্ত ভাইরাসের উপস্থিতি থাকতে পারে বলে রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) বলছে। তবে আক্রান্ত রোগী শুধুমাত্র মৃদু উপসর্গ সম্পন্ন রোগী হলে এবং তিন থেকে পাঁচদিনের মধ্যে তার উপসর্গ চলে গেলে ২১ দিন পর ওই ব্যক্তিকে নিরাপদ ধরে নেয়া যায়। কাশি দেওয়ার পর থেকে ড্রপলেটের মধ্যে এই ভাইরাসটি তিন ঘণ্টা পর্যন্ত বেঁচে থাকতে পারে। মানুষের ত্বকে ভাইরাসটি ২৪ ঘণ্টা পর্যন্ত বেঁচে থাকতে পারে বলে বিশেষজ্ঞদের অনেকে মনে করছেন। তবে পোশাকের গায়ে এই ভাইরাস বেশিক্ষণ টিকে থাকতে পারে না।

বাতাসে নভেল করোনাভাইরাসের স্থায়িত্বকাল

বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, এই ভাইরাসটি বাতাসে এক-দুই মিনিটের বেশি টিকে থাকতে পারে না। তবে আবহাওয়াভেদে এর স্থায়িত্বকালের তারতম্য হতে পারে।

সমতল বস্তুর গায়ে নভেল করোনাভাইরাসের স্থায়িত্বকাল

যুক্তরাষ্ট্রের এক গবেষণায় দেখা গিয়েছে, প্লাস্টিক ও স্টিলের সমতলে ভাইরাসটি ৭২ ঘণ্টা পর্যন্ত টিকে থাকতে পারে। কার্ডবোর্ডের সমতলে ভাইরাসের স্থায়িত্বকাল হয়ে থাকে ২৪ ঘণ্টার মতো। ফলমূলের গায়ে ভাইরাসটি ২৪ ঘণ্টা পর্যন্ত টিকে থাকতে পারে। আর কপারের তৈরি কোনো বস্তুর ওপর পড়লে এর মৃত্যু হতে চার ঘণ্টা সময় লেগে যেতে পারে।

করোনাভাইরাস সম্পর্কিত প্রচলিত ধারণাসমূহ

মুরগির মাংস থেকে কোভিড-১৯ হয়?

এটি সম্পূর্ণ ভুল তথ্য। মুরগির মাংস খাওয়ার মাধ্যমে নভেল করোনাভাইরাস ছড়ায় না। মুরগি থেকে বার্ড ফ্লু-র মতো রোগ ছড়ালেও কোভিড-১৯- এর সঙ্গে এর কোনও সম্পর্ক নেই।

ঠান্ডা আবহাওয়ায় করোনাভাইরাসের সংক্রমণ বেশি হয় এবং কম তাপমাত্রা করোনাভাইরাস ধ্বংস করতে সক্ষম

এই দুইটি তথ্যের কোনোটিরই সত্যতা পাওয়া যায় নি। করোনাভাইরাসের সংক্রমণের প্রথম দিকে ধারণা করা হতো যে শীতকাল বা ঠান্ডা আবহাওয়া এই ভাইরাসের বিস্তারের প্রধান কারণ। এজন্য গ্রীষ্মমন্ডলীয় দেশগুলোতে ভাইরাসের প্রকোপ কম ছিল। কিন্তু এই ধারণাকে ভুল প্রমাণ করে উষ্ণমন্ডলীয় অঞ্চলগুলোতে করোনার প্রকোপ ধীরে ধীরে বাড়তে থাকে। একইভাবে কম তাপমাত্রা ভাইরাসকে ধ্বংস করতে পারে- এই তথ্যেরও কোনো ভিত্তি নেই।

গরম পানিতে গোসল করলে করোনাভাইরাস দূর হয়

গরম পানিতে গোসল করলে কখনও শরীরের ভিতরে থাকা করোনাভাইরাস দূর হয় না বরং মানুষের শরীরের স্বাভাবিক তাপমাত্রার চেয়ে অতিরিক্ত তাপমাত্রা শরীরের ত্বক ক্ষতিগ্রস্ত করতে পারে। তবে করোনাভাইরাস প্রতিরোধের জন্য বাইরে থেকে এসে অবশ্যই ভালো করে সাবান-পানি দিয়ে শরীর জীবাণুমুক্ত করতে হবে।

মশার কামড়ে কি করোনাভাইরাস ছড়ায়?

মশার কামড়ের মাধ্যমে একজনের দেহ থেকে অপরজনের দেহে করোনাভাইরাস সংক্রমিত হয়েছে বলে কোনো প্রমাণ এখন পর্যন্ত পাওয়া যায় নি।

থার্মাল স্ক্যানার- এর সাহায্যে কি কোভিড-১৯ নির্ণয় করা যায়?

না, থার্মাল স্ক্যানার- এর সাহায্যে কোভিড-১৯ নির্ণয় করা সম্ভব নয়। থার্মাল স্ক্যানার ব্যবহার করা হয় শুধুমাত্র শরীরের তাপমাত্রা মাপতে। কোনো ব্যক্তির গায়ে জ্বর থাকলে সেটি থার্মাল স্ক্যানারে ধরা পড়ে। তবে করোনাভাইরাসে সংক্রমিত হয়েই যে সেই ব্যক্তির জ্বর এসেছে সেটি নির্ণয় করা সম্ভব নয় এর সাহায্যে।

পোষা প্রাণির সংস্পর্শে আসলে কি কোভিড-১৯ সংক্রমিত হয়?

এখন পর্যন্ত এমন কোনো তথ্য-প্রমাণ পাওয়া যায় নি যে পোষা প্রাণির সংস্পর্শে আসলে করোনাভাইরাস ছড়ায়। তবে এক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা জরুরি। পোষা প্রাণির সংস্পর্শে আসলে ভালো করে হ্যান্ডওয়াশ দিয়ে হাত পরিষ্কার করে নেয়া উচিত।

কোভিড-১৯ প্রতিকারে অ্যান্টিবায়োটিক এবং অন্যান্য ওষুধের কার্যকারিতা

যেহেতু অ্যান্টিবায়োটিক শুধুমাত্র ব্যাক্টেরিয়ার বিরুদ্ধে কার্যকর, এজন্য করোনাভাইরাসের প্রতিকার হিসেবে চিকিৎসা বিজ্ঞানীরা অ্যান্টিভাইরাল ওষুধ ব্যবহারের অনুমোদন দিয়েছে। ২০২১ সালে বাংলাদেশ মার্ক এবং ফাইজারের দুইটি অ্যান্টিভাইরাল ওষুধ উৎপাদনের অনুমতি পায়। মার্ক- এর 'মলনুপিরাবির' এবং ফাইজার- এর 'প্যাক্সলোভিড' নামের অ্যান্টিভাইরাল ওষুধ দুইটি এখন বাংলাদেশেই উৎপাদিত হবে বলে জানিয়েছে ওষুধ প্রশাসন অধিদপ্তর।

টিকা নিলে আর কোভিড-১৯ এ আক্রান্ত হবে না

এটা ভুল ধারণা। এখন পর্যন্ত কোভিড-১৯- এর যে সব টিকা আবিষ্কৃত হয়েছে সেগুলোর কোনোটাই এমন নিশ্চয়তা দিতে পারে না যে, টিকা গ্রহণকারী ব্যক্তি আর কখনো কোভিড-১৯- এ আক্রান্ত হবেন না। তাই টিকা নেয়ার পরেও সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

মহামারীর সময়ে সাংবাদিকতা

সংবাদ সংগ্রহের নীতিমালা ও শিষ্টাচার

করোনাভাইরাস আমাদের কোভিড-১৯ মহামারীর দিকেই শুধু ঠেলে দেয় নি, সেই সাথে বিশ্ব অবলোকন করেছে তথ্যের মহামারীও। প্রিন্ট মিডিয়া থেকে শুরু করে সামাজিক যোগাযোগ মাধ্যম পর্যন্ত তথ্যের যে ব্যাপক বিস্তৃতি লক্ষ্য করা গিয়েছে এই সময়ে সেটি সামাল দেয়া বড় চ্যালেঞ্জ হয়ে উঠেছে গণমাধ্যমকর্মীদের জন্য। স্বাস্থ্য সাংবাদিকতা এক নতুন রূপ পেয়েছে সমগ্র বিশ্বে। পরিবর্তিত হচ্ছে সাংবাদিকতার প্রাচীন এবং প্রচলিত ধারণা। গণমাধ্যমকর্মীরা স্বীকৃতি লাভ করেছে কোভিড-১৯ মহামারীর প্রথম সারির যোদ্ধা হিসেবে, যারা

জনগণের তথ্যের চাহিদা মিটিয়ে যাচ্ছেন অনবরত। মহামারীর মধ্যে কাজ করে যাওয়া বাংলাদেশের সাংবাদিকদের জন্য এ এক নতুন ধরনের অভিজ্ঞতা। এই চ্যালেঞ্জ মোকাবেলায় গণমাধ্যমকর্মীদের প্রয়োজন নির্দিষ্ট দিকনির্দেশনা, প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং পর্যাপ্ত স্বাস্থ্য সুরক্ষা সামগ্রীর ব্যবস্থা।

মহামারীর এই সময়ে তথ্যের মহাসমুদ্রের মধ্য থেকে কোন তথ্যটি সঠিক, সংবাদ উপযোগী এবং গুরুত্বপূর্ণ সেটি নির্ধারণ করে পাঠক-শ্রোতা-দর্শকের জন্য সংবাদ পরিবেশন করতে হলে সাংবাদিকরা নিম্নলিখিত কিছু দিকনির্দেশনা অনুসরণ করতে পারেন-

প্রাথমিক তথ্যসূত্রের সাথে যোগাযোগ করা

মহামারীর সাথে সরাসরি সম্পর্কিত ব্যক্তিদের সাথে (যেমন- চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী অথবা কোভিড-১৯ থেকে সেরে ওঠা ব্যক্তি) কথা বলে তথ্য সংগ্রহ করার চেষ্টা করতে হবে। এতে করে বর্তমান পরিস্থিতি সম্পর্কে সঠিক ধারণা লাভ করা যাবে।

সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার

মহামারীতে সামাজিক যোগাযোগ মাধ্যম মানুষের কাছে তথ্যের একটি বড় উৎস হয়ে উঠেছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে এখন প্রায়ই বিভিন্ন ইস্যু ভাইরাল হতে দেখা যায়। সাংবাদিক সেই ভাইরাল ইস্যুর সূত্র ধরে তথ্য পুনর্যাচাই করার মাধ্যমে নতুন গল্পের দিকনির্দেশনা পেতে পারেন।



সঠিক সংবাদসূত্র বা তথ্যসূত্র

কোভিড-১৯ মহামারীর পাশাপাশি, বিশ্ব ‘তথ্য মহামারী’ বা ‘ইনফোডেমিক’-এর মধ্য দিয়ে যাচ্ছে। তথ্যের এই প্রাচুর্যতা আমাদের ভুল এবং অসত্য তথ্য এবং গুজবের দিকে নিয়ে যেতে পারে। এই পরিস্থিতিতে সংবাদ সংগ্রহ করা সাংবাদিকদের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে উঠেছে। তথ্যের বিপর্যয় মোকাবেলায় সাংবাদিকেরা যে উৎস থেকে সংবাদ সংগ্রহ করছেন সে সম্পর্কে অত্যন্ত সচেতন হতে হবে। তথ্যের কিছু নির্ভরযোগ্য সূত্র:

কয়েকটি নির্ভরযোগ্য তথ্যসূত্র

- বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- অন্যান্য সরকারী সংস্থাসমূহ
- জনস্বাস্থ্য বিষয়ক সংস্থাসমূহ
- সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল এন্ড প্রিভেনশন (CDC)
- গ্লোবাল অ্যালায়েন্স ফর ভ্যাকসিন ইনিশিয়েটিভ (GAVI)
- করোনাভাইরাস রিসোর্স সেন্টার অ্যাট জন হপকিন্স ইউনিভার্সিটি এন্ড মেডিসিন
- ইউএন হেলথ এন্ড এডুকেশন রিসোর্স সেন্টার
- বিশ্ববিদ্যালয়সমূহ
- স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানসমূহ
- প্রকাশিত গ্রন্থ এবং গবেষণাপত্র

এছাড়াও গুজব যাচাই করার জন্য যে সব ওয়েবসাইটের সহায়তা নিতে পারেন-



REUTERS



Global Investigative
Journalism Network

বিশেষজ্ঞের মতামত

কোনো নির্দিষ্ট ইস্যুতে বিশেষজ্ঞ বাছাই করতে হবে সতর্কতার সাথে। করোনাভাইরাস সম্পর্কিত সঠিক তথ্যের জন্য ভাইরাস বিশেষজ্ঞের কাছ থেকেই মতামত নিতে হবে। বিশেষজ্ঞ কোন বিষয়টিকে সত্য বলে মনে করছেন এবং কোন বিষয়টি নিশ্চিতভাবে তিনি সত্য বলছেন এই দুইটি বিষয় মাথায় রেখে সংবাদ উপস্থাপন করতে হবে। বিশেষজ্ঞদের যখন কোনো নির্দিষ্ট ইস্যুতে প্রশ্ন করা হবে তখন যেন প্রশ্নটি সরাসরি মূল বক্তব্য ধরেই করা হয় সেটি মাথায় রাখতে হবে।

গবেষণাপত্র

যেকোনো স্বীকৃত গবেষণাপত্র সংবাদের উৎস হতে পারে। তবে গবেষণার নির্ভরযোগ্যতা থাকতে হবে। কোন কোন শর্ত মেনে গবেষণা করা হয়েছে মহামারীর সময়ে সেই বিষয়গুলো সংবাদে উপস্থাপন করা গুরুত্বপূর্ণ। গবেষণা সংবাদ সূত্র হিসেবে ব্যবহারের পূর্বে সেই গবেষণা সম্পর্কে বিশেষজ্ঞের মতামত নেয়া উচিত।

সংখ্যা নিয়ে সতর্কতা

মহামারীর এই সময়ে প্রতি মুহূর্তেই ঘটছে সংখ্যার রদবদল। দেশে দৈনিক মৃত্যু, দৈনিক শনাক্ত, দৈনিক নমুনা পরীক্ষা, দৈনিক শনাক্তের হার, বিশ্বে দৈনিক এবং মোট শনাক্ত ও মৃত্যুর হিসাব- এ সবই যেন সংখ্যার খেলা। সাংবাদিককে খুব সতর্কতার সাথে সঠিক তথ্যসূত্র থেকে এই সংখ্যাগুলো উপস্থাপন করতে হবে।

বিজ্ঞারিত বর্ণনাসহ প্রতিবেদন করুন

কোনো গবেষণা পত্র থেকে প্রতিবেদন করার পূর্বে, গবেষণাপত্রটি ভালোভাবে পড়ে নিতে হবে। শুধুমাত্র একটি প্রেস বিজ্ঞপ্তির ওপর ভিত্তি করে সংবাদ প্রকাশ করা যাবে না।

সংবাদ উৎস বর্ণনা করুন

বৈজ্ঞানিক গবেষণা, কেস নম্বর, প্রতিবেদন এবং ভ্যাকসিনের উপর প্রতিবেদন করার সময়, বিশ্বাসযোগ্যতা নিশ্চিতের জন্য উৎসের নাম উল্লেখ করতে হবে। এতে করে সংবাদের প্রতি পাঠকের আস্থা জন্মায় এবং পরবর্তীতে আরও তথ্য অনুসন্ধান করতে পাঠকের সুবিধা হয়।

টিকার পার্শ্ব প্রতিক্রিয়া প্রকাশ করুন

কোন নির্দিষ্ট টিকার সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলো উল্লেখ করে জনসাধারণকে অবহিত করতে হবে। সেই সাথে টিকার ট্রায়ালে অংশগ্রহণকারী কোনো ব্যক্তির সরাসরি অভিজ্ঞতা প্রতিবেদনে উল্লেখ করা যেতে পারে।

ছবি এবং ভিডিও নিয়ে সতর্কতা

সামাজিক যোগাযোগ মাধ্যমের বদৌলতে বিভিন্ন ধরনের ছবি এবং ভিডিও খুব সহজেই ভাইরাল হয়ে যাচ্ছে। সাংবাদিককে এই ছবি এবং ভিডিও সংবাদ হিসেবে প্রকাশ করার আগে ভালোভাবে যাচাই করে দেখতে হবে যে এর সত্যতা কতটুকু।

ছবি ও ভিডিও যাচাইয়ের জন্য কিছু ওয়েবসাইট

- Google Images Search
- RevEye (A Google Chrome Extension)- Reverse Image Search
- TinEye- Reverse Image Search
- BING- Reverse Image Search
- Yandex- Reverse Image Search
- Jeffrey Friedl's Image Metadata Viewer
- Fake Video News Debunker by InVID
- Watch Frame by Frame
- Youtube Data Viewer

ভাষার ব্যবহারে সতর্কতা

সংবাদের শব্দ চয়নে সতর্ক থাকতে হবে। এমন কোনো শব্দ ব্যবহার করা যাবে না যেটি জনমনে বিভ্রান্তি এবং ভয়ের উদ্বেক করে। স্বাস্থ্য সাংবাদিকতার ক্ষেত্রে চিকিৎসাবিজ্ঞানে ব্যবহৃত শব্দ ব্যবহারে সতর্ক থাকতে হবে।

জার্গনের ব্যবহার পরিহার করতে হবে। কেননা, চিকিৎসকরা যে সব জার্গন অথবা চিকিৎসা বিজ্ঞানের পরিভাষা ব্যবহার করেন সেসব সাধারণের কাছে পরিচিত নয়। সংবাদকে যতটা সম্ভব সহজপাঠ্য করে তুলতে হবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা অনুযায়ী, কোভিড-১৯ আক্রান্ত অথবা কোভিড-১৯ থেকে সেরে ওঠা ব্যক্তিদেরকে “কোভিড কেস” বা “কোভিড-১৯-এর শিকার/পরিবারভুক্ত” এ সব শব্দ দিয়ে বর্ণনা করা যাবে না। এর পরিবর্তে বলতে হবে “কোভিড-১৯ চিকিৎসাধীন ব্যক্তি” অথবা “কোভিড-১৯ থেকে আরোগ্য লাভকারী ব্যক্তি”। কোভিড-১৯ সংক্রমণের জন্য ভাষা বা শব্দের মাধ্যমে বিশেষ কোনো ব্যক্তি বা গোষ্ঠিকে দায়ী করা যাবে না। যতটা সম্ভব ইতিবাচক ভাষা ব্যবহার করতে হবে।

মহামারীকালীন সাংবাদিকতার প্রতিবন্ধকতাসমূহ

সাংবাদিকের শারীরিক এবং মানসিক চাপ

কোভিড-১৯-এ আক্রান্ত হয়ে সাংবাদিক মৃত্যুর দিক দিয়ে বাংলাদেশ বিশ্বে ষষ্ঠ অবস্থানে। ২০২০-এর মার্চ থেকে ২০২১-এর এপ্রিল পর্যন্ত দেশে ৩৪ জন সাংবাদিক করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। বেশিরভাগ সাংবাদিক ঘরের বাইরে কাজ করার কারণে তারা স্বাস্থ্যঝুঁকিতে থাকেন। এমনকি করোনাভাইরাস সংক্রমণের পরেও অনেক সাংবাদিক কর্মক্ষেত্রে থেকে পর্যাপ্ত সহায়তা পান না। মহামারীর প্রথম সারির যোদ্ধা হিসেবে নিজে আক্রান্ত হয়ে পরিবারের সদস্য এবং কর্মক্ষেত্রে সহকর্মীদের সংক্রমিত করতে পারেন- এই ধরনের মানসিক চাপের ভুক্তভোগী হয়ে থাকেন সাংবাদিকরা।

অর্থনৈতিক চাপ

মহামারীর এই সময়ে সাংবাদিকদের চাকরি হারানোর ভয় থাকে। অনেক সাংবাদিক অকারণে ছাটাইয়ের শিকারও হয়েছেন। এছাড়া প্রতি মাসে নিয়মিত বেতন না পাওয়া, বেতন পেলেও মোট বেতনের অর্ধেক অংশ পাওয়াসহ বিভিন্ন ধরনের অর্থনৈতিক চাপের সম্মুখীন হয়ে থাকেন সাংবাদিকেরা।

পারিপার্শ্বিক চাপ

মালিকপক্ষ এবং বিজ্ঞাপনদাতাদের চাপের মুখে পড়ে সাংবাদিকরা স্বাধীনভাবে কাজ করতে পারে না। রিপোর্টার্স উইদাউট বর্ডারস-এর ২০২০ সালের প্রতিবেদন অনুযায়ী, স্বাধীন গণমাধ্যম সূচকে বাংলাদেশের অবস্থান এক ধাপ পিছিয়ে ১৮০টি দেশের মধ্যে ১৫২তম। আর্টিকেল ১৯-এর প্রতিবেদন অনুযায়ী ২০২০ সালে করোনা মহামারীর সময়ে বাংলাদেশে ৩ জন সাংবাদিক অপহৃত এবং একজন নির্যাতনের শিকার হয়ে মৃত্যুবরণ করেছেন। একই সাথে ৩টি অনলাইন গণমাধ্যম বন্ধ করে দেয়া হয়েছে। বেড়েছে ডিজিটাল নিরাপত্তা আইন-এর অধীনে সাংবাদিকদের বিরুদ্ধে মামলার সংখ্যা। সেন্টার ফর গভর্ন্যান্স (সিজিএস)-এর ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট ট্র্যাকার অনুযায়ী ২০২০ সালের জানুয়ারি থেকে ২০২২ সালের জানুয়ারি পর্যন্ত ডিজিটাল নিরাপত্তা আইন-এর অধীনে করা মোট মামলার সংখ্যা ৮৭২ টি, যার ৯ শতাংশ মামলা হয়েছে সাংবাদিকদের বিরুদ্ধে। মহামারীর এই সময়ে স্বাস্থ্যসেবা খাতের অনিয়ম-দুর্নীতি নিয়ে সংবাদ প্রকাশ করলে সাংবাদিকদের বিভিন্ন আইনের রোযানলে পড়তে হচ্ছে। প্রথম আলোর জ্যেষ্ঠ সাংবাদিক রোজিনা ইসলাম এবং ঠাকুরগাঁও-এর তিন জন সাংবাদিকদের বিরুদ্ধে করা মামলা এর অন্যতম উদাহরণ। শুধুমাত্র ডিজিটাল নিরাপত্তা আইনই নয়, মামলা দেয়া হচ্ছে ১৯২৩ সালে ব্রিটিশ শাসনামলে করা অফিসিয়াল সিক্রেটস অ্যাক্ট-এর অধীনেও।

সাংবাদিকের সুরক্ষা এবং নিরাপত্তা

মহামারীর সম্মুখ সারির যোদ্ধা হিসেবে সাংবাদিকরা করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকিতে রয়েছে। তবে কাজের ক্ষেত্র যেটাই হোক নিজের সুরক্ষাই প্রথম প্রাধান্য হওয়া উচিত। এজন্য সাংবাদিকদের কাজের শুরুতেই সর্বপ্রথম নিজেদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করা বাঞ্ছনীয়।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, কোভিড-১৯ থেকে রক্ষা পেতে সাবান দিয়ে বারবার হাত ধুতে হবে, হাঁচি-কাশি দেওয়ার সময় টিস্যু বা রুমাল দিয়ে নাক-মুখ ঢেকে ফেলতে হবে, হাঁচি-কাশি দেওয়ার পরপরই হাত ধুয়ে ফেলতে হবে, যতটা সম্ভব নাক, মুখ ও চোখে হাতের স্পর্শ করা থেকে বিরত থাকতে হবে। কারণ, এতে এ ধরনের ভাইরাস হাত থেকে শরীরে প্রবেশ করতে পারে। হাঁচি-কাশি বা জ্বরে আক্রান্ত ব্যক্তির কাছাকাছি যাওয়া থেকে বিরত থাকতে হবে।

বারবার হাত ধোয়া

নিয়মিত এবং ভালো করে বারবার হাত ধুতে হবে (অন্তত ২০ সেকেন্ড যাবৎ)। বিশেষ করে অসুস্থ ব্যক্তির পরিচর্যার পর, হাঁচি কাশি দেওয়ার পর, খাবার প্রস্তুত ও পরিবেশনের আগে, টয়লেট ব্যবহারের পর, পশুপাখির পরিচর্যার পর অবশ্যই হাত ধুতে হবে অথবা স্যানিটাইজার ব্যবহার করতে হবে। রিপোর্টিং বা অন্যান্য মাঠ পর্যায়ের কাজের ক্ষেত্রে হাতের কাছে অবশ্যই স্যানিটাইজার, পানি রাখতে হবে।

দূরত্ব বজায় রাখা

এই সময় যেকোনো সর্দি-কাশি, জ্বর বা অসুস্থ ব্যক্তির কাছ থেকে অন্তত এক মিটার বা ৩ ফুট দূরত্ব বজায় রাখতে হবে। ইতোমধ্যে আক্রান্ত এমন ব্যক্তিদের সংস্পর্শ এড়িয়ে চলুন। অসুস্থ পশুপাখি থেকে দূরে থাকুন। সাক্ষাৎকার নেয়ার জন্য অনলাইন ব্যবহার করুন। সম্ভব না হলে ৩ ফুট দূরত্ব বজায় রেখে সাক্ষাৎকার নিন। প্রয়োজনে মাইক্রোফোন স্টিক ব্যবহার করুন।

নাক-মুখ স্পর্শ নয়


হাত দিয়ে আমরা সারা দিন নানা কিছু স্পর্শ করি। সেই বস্তু থেকে ভাইরাস হাতে লেগে যেতে পারে। তাই সতর্ক থাকতে হবে। অপরিষ্কার হাত দিয়ে কখনো নাক-মুখ-চোখ স্পর্শ করা যাবে না।

কাশির আদবকেতা মেনে চলুন

নিজে কাশির আদবকেতা বা রেসপিরেটরি হাইজিন মেনে চলুন, অন্যকেও উৎসাহিত করুন। কাশি বা হাঁচি দেওয়ার সময় নাক, মুখ রুমাল বা টিস্যু অথবা কনুই দিয়ে ঢাকুন। ব্যবহৃত টিস্যুটি সঠিক জায়গায় ফেলুন।

প্রয়োজনে ঘরে থাকুন

অসুস্থ হলে ঘরে থাকুন, বাইরে যাওয়া অত্যাবশ্যক হলে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করুন।



খাবারের ক্ষেত্রে সাবধানতা

কাঁচা মাছ-মাংস আর রান্না করা খাবারের জন্য আলাদা চপিং বোর্ড, ছুরি ব্যবহার করুন। কাঁচা মাছ-মাংস ধরার পর ভালো করে সাবান-পানি দিয়ে হাত ধুয়ে ফেলুন। ভালো করে সেদ্ধ করে রান্না করা খাবার গ্রহণ করুন। অসুস্থ প্রাণি কোনোমতেই খাওয়া যাবে না। যথাসম্ভব বাইরের খাবার পরিহার করতে হবে।

স্বাস্থ্যকর খাদ্যাভাস এবং নিয়মতান্ত্রিক জীবনযাপন

কর্মব্যস্ততার মধ্যেও এই সময়ে নিজের যত্ন নেয়া জরুরি। রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে ভিটামিন-সি সমৃদ্ধ খাবার গ্রহণ করতে হবে। সেই সঙ্গে প্রচুর পরিমাণে শাকসবজি, ফলমূল গ্রহণ করতে হবে। দৈনিক কমপক্ষে ৮ গ্লাস পানি পান করতে হবে। স্বাস্থ্যকর খাদ্যাভাসের সঙ্গে প্রতিদিন গড়ে ১৫-২০ মিনিট শরীর চর্চা করতে হবে।

ভ্রমণে সতর্ক থাকুন

জরুরী প্রয়োজন ছাড়া বিদেশ ভ্রমণ করা থেকে বিরত থাকুন এবং অন্য দেশ থেকে প্রয়োজন ছাড়া বাংলাদেশ ভ্রমণে নিরুৎসাহিত করুন। অত্যাবশ্যকীয় ভ্রমণে সাবধানতা অবলম্বন করতে হবে। গণপরিবহন এড়িয়ে ব্যক্তিগত গাড়ি বা অফিসের গাড়িতে যাতায়াত করার চেষ্টা করুন।

অভ্যর্থনায় সতর্কতা

কারও সঙ্গে হাত মেলানো (হ্যান্ড শেক) এবং কোলাকুলি থেকে বিরত থাকতে হবে।

স্বাস্থ্যকর্মীর সাহায্য নিন

এ সময়ে কোনো কারণে অসুস্থ বোধ করলে, জ্বর হলে, কাশি বা শ্বাসকষ্ট হলে দ্রুত নিকটস্থ স্বাস্থ্যকর্মীর সাহায্য নিন।

মাস্ক পড়ুন এবং টিকা নিন

করোনা ভাইরাস মূলত এমন ব্যক্তিদের মধ্যে ছড়িয়ে পড়ে যারা একে অপরের সাথে ঘনিষ্ঠ সংযোগে থাকে। সংক্রমিত ব্যক্তির কাশি, হাঁচি, কথা বলা, গান গাওয়া বা শ্বাস নেওয়ার সময় ছোট তরল কণার মধ্যে ঐ ব্যক্তির মুখ বা নাক থেকে ভাইরাস অন্যদের মধ্যে ছড়িয়ে পরতে পারে। যাদের মধ্যে সংক্রমণের কোনো লক্ষণ নেই তাদের মাধ্যমেও এই ভাইরাস ছড়াতে পারে। তাই জনাকীর্ণ জায়গায় অন্যদের থেকে শারীরিক দূরত্ব বজায় রাখা এত গুরুত্বপূর্ণ। এজন্য এমন পরিস্থিতিতে সবাইকে নিরাপদ রাখতে মাস্ক ব্যবহার করার পরামর্শ দেওয়া হচ্ছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনা ভাইরাসের সংক্রমণের বিস্তার রোধে ৩ ধরনের মাস্ক সুপারিশ করেছে-

- পুনরায় ব্যবহারযোগ্য নন-মেডিকেল মাস্ক
- মেডিকেল মাস্ক
- অন্যান্য ধরনের উচ্চ মানের নন-মেডিকেল মাস্ক

মাস্ক পরার সময়

- সব সময় সাবান ও পানি দিয়ে হাত ধোয়ার পর মাস্ক পরা শুরু করতে হবে।
- মাস্কটি পরিস্কার আছে কিনা তা নিশ্চিত করুন। এতে ছিদ্র বা গর্ত আছে কিনা তা পরীক্ষা করুন। মাস্কটি ময়লা বা নষ্ট হলে এটি পরবেন না।
- মাস্কটি এমনভাবে পরতে হবে যাতে মুখ, নাক এবং চিবুক ভালোভাবে ঢেকে থাকে এবং পাশে কোনো ফাঁক না থাকে।
- মাস্ক পরা অবস্থায় স্বাচ্ছন্দ্য নিঃশ্বাস নেওয়া যাচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে।

মাস্ক পরিহিত অবস্থায়

- মাস্কটি ময়লা হলে বা ভিজে গেলে তা বদলে ফেলুন।
- মাস্কটিকে টেনে নাক বা চিবুকের নিচে নামাবেন না বা এটি আপনার মাথায় পরবেন না। কার্যকারিতার জন্য মাস্কটি দিয়ে মুখ ও নাক পুরোপুরি ঢেকে রাখা উচিত।
- পরিহিত অবস্থায় মাস্কটি স্পর্শ করা যাবে না।

মাস্ক খোলার সময়

- মাস্কটি খোলার আগে দুই হাত ধুয়ে নিন।
- ইলাস্টিক বন্ধনী বা গিটগুলো ধরে মাস্কটি খুলুন। মাস্কের সামনের অংশ স্পর্শ করা এড়িয়ে চলুন।
- মাস্ক খোলার পর আপনার দুই হাত ধুয়ে নিন।
- কাপড়ের মাস্ক প্রতিবার ব্যবহারের পরে ধুয়ে ফেলা এবং একটি পরিস্কার ব্যাগে সংরক্ষণ করা উচিত।
- মেডিকেল মাস্কগুলো একবার ব্যবহার উপযোগী এবং ব্যবহারের পর এগুলো ঢাকনায়ুক্ত ময়লার ঝুড়িতে ফেলে দেয়া উচিত।

কিন্তু শুধুমাত্র মাস্ক পরিধান করার মাধ্যমেই কোভিড-১৯ প্রতিরোধ করা সম্ভব নয়। শারীরিক দূরত্ব মেনে চলার পাশাপাশি ঘন ঘন হাত ধুতে হবে। সেই সাথে টিকা গ্রহণ করা আবশ্যিক। যেসব টিকা কোভিড-১৯-এর বিরুদ্ধে নিরাপত্তা এবং কার্যকারিতার প্রমাণ দিয়েছে, বিশ্ব স্বাস্থ্য সংস্থা ইতিমধ্যে সেসব টিকার একটি তালিকা প্রদান করেছে-

- AstraZeneca/Oxford Vaccine
- Johnson and Johnson
- Moderna
- Pfizer/BionTech
- Sinopharm
- Sinovac
- COVAXIN
- Covovax
- Nuvaxovid

তবে এটা মাথায় রাখতে হবে যে, কোনো টিকাই করোনা ভাইরাসের সংক্রমণ রোধে শতভাগ সুরক্ষা প্রদান করতে পারে না। সম্ভব হলে, দুই ডোজ টিকা গ্রহণের নির্দিষ্ট সময় পর বুস্টার ডোজ গ্রহণ করতে হবে।

তথ্যসূত্র

<https://www.hopkinsmedicine.org/>
<https://www.who.int/>
<https://coronavirusexplained.ukri.org/en/>
<https://www.bbc.com/bengali>
<https://www.unicef.org/bangladesh/>
<https://www.ifj.org/>
<https://freedominfo.net/>

